

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮- ৬২০

তারিখঃ ০৫.০৬.২০১৮ খ্রি:।

বিষয়: সেসরকারি মাদরাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে সুষ্ঠুভাবে নিয়োগ কার্য সম্পন্ন করার নিমিত্ত সর্ব শেষ জনবল কাঠামোর পরিশিষ্ট ঘ-তে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে অভিজ্ঞতার ক্ষেত্রে উল্লিখিত “আরবি বিষয় সমূহ” বলতে কোন কোন বিষয়কে বুঝানো হয়েছে তা স্পষ্টিকরণের নির্দেশনা প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৮৭

তারিখ: ২৪.০৩.২০১৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারক /পরিপত্র মোতাবেক সর্ব শেষ জনবল কাঠামো ৪ ফেব্রুয়ারী ২০১০ এ প্রনীত মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত এর পরিশিষ্ট ঘ-তে উল্লিখিত কামিল/ফাযিল মাদরাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে ও আলিম মাদরাসার অধ্যক্ষ পদের নিয়োগে “অধ্যক্ষ/সহকারী অধ্যাপক/প্রভাষক হিসেবে (আরবি বিষয় সমূহে) ১৫/১২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে” মর্মে উল্লেখ আছে। কিন্তু কোন কোন বিষয় “আরবি বিষয় সমূহ” এর অন্তর্ভুক্ত হবে তা স্পষ্ট করা হয়নি।

০২. উক্ত পদ সমূহে সুষ্ঠুভাবে নিয়োগ কার্য সম্পন্ন করার নিমিত্ত কোন কোন বিষয় “আরবি বিষয় সমূহ” এর অন্তর্ভুক্ত হবে - তা স্পষ্ট হওয়া দরকার।

০৩. এমতাবস্থায় সর্ব শেষ জনবল কাঠামোর পরিশিষ্ট ঘ-তে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে অভিজ্ঞতার ক্ষেত্রে উল্লিখিত “আরবি বিষয় সমূহ” বলতে কোন কোন বিষয় বুঝানো হয়েছে তা স্পষ্টিকরণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করছি।



মো: বিল্লাল হোসেন

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল-dgdmeb@gmail.com

ফোন নং-৪১০৩০১৬৭

সচিব

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।

অনুলিপি:

১. অফিস কপি।